

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-৪ অধিশাখা
www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০৫৫.২৭.০৮৫.২৫. ২৮৪

তারিখ : ১৯ ভাদ্র, ১৪৩৩
০৩ সেপ্টেম্বর ~~আগস্ট~~, ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, মিজ্ সাবিনা ইয়াছমীন (পরিচিতি নং-২৬৮৬) (সাময়িক বরখাস্তকৃত), বহিরাঙ্গন কর্মকর্তা, বীজ প্রত্যয়ন এজেন্সী, শেরপুর (প্রাক্তন উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিস, নেত্রকোণা সদর, নেত্রকোণা) এর বিরুদ্ধে "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" শীর্ষক প্রকল্পের অধীন বিভিন্ন সময়ে মাঠ পর্যায়ে কৃষি যন্ত্রপাতি বিতরণ সংক্রান্ত অভিযোগের বিষয়ে গত ০৪/১০/২০২৪ খ্রি. তারিখে চ্যানেল-২৪ এ "যন্ত্রের যাতাকলে কৃষক" নামে সার্চ লাইটের ২৮৯ নং পর্বে প্রচারিত সংবাদের আলোকে প্রকৃত তথ্য উদ্‌ঘাটনের নিমিত্ত গঠিত তদন্ত কমিটি সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি বিতরণে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'-এর দায়ে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা (মামলা নং-০৩/২০২৫) রুজু করে কৈফিয়ত তলব করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ২১/০৪/২০২৫ খ্রি. তারিখে বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানিঅন্তে ২০২০-২০২১, ২০২১-২০২২২ এবং ২০২২-২০২৩ অর্থবছরে উন্নয়ন সহায়তায় বিতরণকৃত কম্বাইন হারভেস্টার এর বর্তমান অবস্থান নিয়ে উপস্থাপিত তালিকাটি যথাযথ আছে কী না তা সরেজমিনে যাচাইপূর্বক এ মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা-কে দায়িত্ব দেওয়া হয়। তৎপ্রেক্ষিতে, উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা সরেজমিনে তালিকাটি যাচাইপূর্বক মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করেন। সার্বিক পর্যালোচনান্তে গুরুদণ্ড আরোপণের সম্ভাবনা থাকায় ন্যায়বিচারের স্বার্থে বিষয়টি তদন্ত করার জন্য জনাব মোঃ নুরুজ্জামান, যুগ্মসচিব (প্রাক্তন উপসচিব), কৃষি মন্ত্রণালয়কে-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা ০২/০৬/২০২৬ খ্রি. তারিখে দাখিলকৃত প্রতিবেদনে মিজ্ সাবিনা ইয়াছমীন (পরিচিতি নং-২৬৮৬) (সাময়িক বরখাস্তকৃত), বহিরাঙ্গন কর্মকর্তা, বীজ প্রত্যয়ন এজেন্সী, শেরপুর (প্রাক্তন উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিস, নেত্রকোণা সদর, নেত্রকোণা)-এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগের মধ্যে 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

সেহেতু, মিজ্ সাবিনা ইয়াছমীন (পরিচিতি নং-২৬৮৬) (সাময়িক বরখাস্তকৃত), বহিরাঙ্গন কর্মকর্তা, বীজ প্রত্যয়ন এজেন্সী, শেরপুর (প্রাক্তন উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিস, নেত্রকোণা সদর, নেত্রকোণা)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট কাগজপত্র সার্বিক পর্যালোচনাক্রমে বর্ণিত 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৪(২)(খ) অনুযায়ী তাঁর ২ (দুই) বছরের জন্য 'বেতন বৃদ্ধি স্থগিত রাখা' লঘুদণ্ড আরোপ করা হলো। দণ্ডের মেয়াদ শেষে তিনি স্থগিতকৃত বেতন ফেরত পাবেন। সেইসাথে ০৮/১২/২০২৪ খ্রি. তারিখের ১২.০০.০০০০.০৫৫.২৭.০৭১.২৪.২৮১ নং প্রজ্ঞাপনে জারিকৃত তাঁর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার করে সাময়িক বরখাস্তকালীন সময়কে তাঁর কর্মকাল হিসেবে গণ্য করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৩.০৯.২০২৬

**মোঃ সেলিম খান**
সচিব

নং- ১২.০০.০০০০.০৫৫.২৭.০৮৫.২৫. ২৮৪

তারিখ : ১৯ ভাদ্র, ১৪৩৩

০৩ সেপ্টেম্বর ~~আগস্ট~~, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা;

২। পরিচালক, প্রশাসন ও অর্থ উইং/প্রশিক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা;

৩। উপসচিব, সম্প্রসারণ-১/এসিআর শাখা, কৃষি মন্ত্রণালয়;

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়;

৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;

৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ..........................................................................(সংশ্লিষ্ট);

৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য);

৮। মিজ্ সাবিনা ইয়াছমীন (পরিচিতি নং-২৬৮৬), বহিরাঙ্গন কর্মকর্তা, বীজ প্রত্যয়ন এজেন্সী, শেরপুর;

৯। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা;

১০। যুগ্মসচিব (সম্প্রসারণ অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা;

১১। অফিস কপি ও মাস্টার কপি।

০৩/০৯/২০২৬

মুহাম্মদ শহিদ উল্লাহ

উপসচিব